



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সমাজকল্যাণ মন্ত্রণালয়

সমাজসেবা অধিদপ্তর

সমাজসেবা অফিসারের কার্যালয়

সমাজসেবা কার্যালয়, তেজগাঁও সার্কেল, ঢাকা

website:dss.tejgaoncircle.dhaka.gov.bd



স্মারক নম্বর: ৪১.০১.২৬০০.০০০.০০০.৯৯.০০০৬.২৫.৬৮

তারিখ: ৩০ বৈশাখ ১৪৩৩
১৩ মে ২০২৬

বিষয়: সমাজসেবা কার্যালয়, তেজগাঁও সার্কেল, ঢাকায় “রোগিকল্যাণ সমিতি” কার্যক্রম চালুকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, সমাজসেবা অধিদপ্তরের আওতাধীন দেশের বিভিন্ন উপজেলা সমাজসেবা কার্যালয়ে “রোগিকল্যাণ সমিতি” কার্যক্রম দীর্ঘদিন যাবৎ অত্যন্ত সফলতা ও জনকল্যাণমূলকভাবে পরিচালিত হয়ে আসছে। উক্ত কর্মসূচীর মাধ্যমে দরিদ্র, অসহায় ও চিকিৎসা সুবিধাবঞ্চিত জনগোষ্ঠী বিনামূল্যে চিকিৎসাসেবা, ঔষধ, চিকিৎসা উপকরণ, পুষ্টি সহায়তা, রোগী স্থানান্তর, পুনর্বাসনসহ নানাবিধ মানবিক সহায়তা পেয়ে উপকৃত হচ্ছে। কর্মসূচীটি বাস্তবায়নে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও সমাজসেবা কার্যালয়ের সমন্বিত কার্যক্রম জনসেবার এক অনন্য দৃষ্টান্ত হিসেবে বিবেচিত হচ্ছে।

কিন্তু অত্যন্ত জনবহুল ও বহুমাত্রিক সামাজিক বাস্তবতাসম্পন্ন ঢাকা মহানগরীর গুরুত্বপূর্ণ এলাকা তেজগাঁও সার্কেলে অদ্যাবধি এ ধরনের কোনো “রোগিকল্যাণ সমিতি” কার্যক্রম চালু হয়নি। ফলে এ এলাকার বিপুল সংখ্যক দরিদ্র, শ্রমজীবী, ছিন্নমূল, বস্তিবাসী ও চিকিৎসা সহায়তাপ্রার্থী অসহায় জনগণ প্রয়োজনীয় স্বাস্থ্যসেবা ও মানবিক সহায়তা থেকে বঞ্চিত হচ্ছে।

তেজগাঁও সার্কেল এলাকায় বিভিন্ন নিম্নআয়ের জনগোষ্ঠীর ঘনবসতি, অসংখ্য অপ্রাতিষ্ঠানিক শ্রমজীবী মানুষের বসবাস, নগর দারিদ্র্যের বিস্তার এবং চিকিৎসা ব্যয়ের উর্ধ্বগতির কারণে বিনামূল্যে স্বাস্থ্য সহায়তামূলক এ কর্মসূচীর প্রয়োজনীয়তা অত্যন্ত ব্যাপক ও সময়োপযোগী। বিশেষ করে জরুরি চিকিৎসা, প্রয়োজনীয় ঔষধ, পুষ্টি সহায়তা ও রোগী রেফারেল সংক্রান্ত সহযোগিতা অনেক অসহায় পরিবারের জন্য জীবনরক্ষাকারী ভূমিকা রাখতে পারে।

এমতাবস্থায়, জনস্বার্থ, মানবিক বিবেচনা এবং সরকারের দরিদ্রবান্ধব সামাজিক নিরাপত্তা কার্যক্রমকে আরো কার্যকর ও সম্প্রসারণের লক্ষ্যে সমাজসেবা কার্যালয়, তেজগাঁও সার্কেল এলাকায় “রোগিকল্যাণ সমিতি” কার্যক্রম চালুকরণের প্রয়োজনীয় অনুমোদন ও দিকনির্দেশনা প্রদানের জন্য মহোদয়ের সদয় বিবেচনা একান্তভাবে কামনা করছি।

১৩-০৫-২০২৬

ইনসান আলী

সমাজসেবা অফিসার

উপ পরিচালক

উপপরিচালকের দপ্তর, জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

স্মারক নম্বর: ৪১.০১.২৬০০.০০০.০০০.৯৯.০০০৬.২৫.৬৮/১ (১১)

তারিখ: ৩০ বৈশাখ ১৪৩৩
১৩ মে ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, সমাজসেবা অধিদফতর।
- ২। পরিচালক (যুগ্মসচিব), বিভাগীয় পরিচালকের কার্যালয়, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, ঢাকা।
- ৩। অতিরিক্ত পরিচালক, বিভাগীয় পরিচালকের কার্যালয়, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, ঢাকা।
- ৪। উপপরিচালক, চিকিৎসা সহায়তা শাখা, সমাজসেবা অধিদফতর।
- ৫। উপপরিচালক, বিভাগীয় পরিচালকের কার্যালয়, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, ঢাকা।
- ৬। সহকারী পরিচালক, বিভাগীয় পরিচালকের কার্যালয়, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, ঢাকা।
- ৭। সহকারী পরিচালক, উপপরিচালকের দপ্তর, জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।
- ৮। সহকারী পরিচালক (চলতি দায়িত্ব), প্রশাসন ও অর্থ ও প্রতিষ্ঠান শাখা, জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।
- ৯। সমাজসেবা অফিসার (সংযুক্ত), বিভাগীয় পরিচালকের কার্যালয়, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, ঢাকা।
- ১০। অফিস সহকারি কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (অতিরিক্ত দায়িত্ব), উপপরিচালকের দপ্তর, জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।
- ১১। অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, চিকিৎসা সহায়তা শাখা, সমাজসেবা অধিদফতর।



[Signature]

১৩-০৫-২০২৬
ইনসান আলী
সমাজসেবা অফিসার